

যায়যায়দিন

ঢাবিতে সাদা দলের শিক্ষকরা মাদ্রাসা ছাত্রদের পক্ষ নিয়েছেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি নিয়ে বিএনপি-জামায়াতপন্থী সাদা দলের শিক্ষকরা মাদ্রাসা শিক্ষার্থীদের পক্ষে অবস্থান নিয়েছেন। অন্যদিকে আওয়ামী লীগপন্থী নীল দলের শিক্ষকরা এর বিপরীত পক্ষে অবস্থান নিয়েছেন। গতকাল উভয় দলের শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজের সঙ্গে সাক্ষাৎ করে তাদের মতামত তুলে ধরেন। এদিকে মাদ্রাসা থেকে আসা ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে তারা রট্টপতি ও উপাচার্যের কাছে স্মারকলিপি দিয়েছেন। সাদা দলের শিক্ষকরা দুপুর ১২টার দিকে উপাচার্য এস এম এ ফায়েজের সঙ্গে সাক্ষাৎ করে নিজেদের বক্তব্য তুলে ধরেন। তারা তাকে জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে কয়েকটি বিভাগ বাংলা ও ইংরেজিতে ১০০ নম্বরের পরিবর্তে ২০০ নম্বরের যে নতুন শর্ত আরোপ করেছে তা শুধু অযৌক্তিকই নয়, বৈষম্যমূলকও বটে। সাদা দলের শিক্ষকরা ভিসিকে আরো জানান, মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তির বিষয়টির দ্রুত সমাধান না হলে তারা সব ধরনের ভর্তি কার্যক্রম থেকে বিরত

থাকবেন।

সাদা দলের শিক্ষকদের সাক্ষাৎ শেষে নীল দলের শিক্ষকরা উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা তাকে জানান, যে কয়টি বিভাগে বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর শর্ত জুড়ে দেয়া হয়েছে তা অত্যন্ত যৌক্তিক। তারা ওই সাতটি বিষয়ে মাদ্রাসা ছাত্রদের ভর্তির সুযোগ না দেয়ার জন্য উপাচার্য এস এম এ ফায়েজকে অনুরোধ জানান।

পরে উপাচার্য সাংবাদিকদের জানান, সাতটি বিভাগে মাদ্রাসা ছাত্রদের ভর্তির বিষয়টি শিগগির ডিনস কমিটির বৈঠক ডেকে যৌক্তিক সমাধানের চেষ্টা করবেন। পরে মাদ্রাসা শিক্ষার্থীদের পক্ষে পাঁচজনের একটি দল উপাচার্যের মাধ্যমে রট্টপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহমেদের কাছে স্মারকলিপি হস্তান্তর করেন। স্মারকলিপি গ্রহণ করেন উপাচার্য অফিসের সহকারী রেজিস্ট্রার মুদী শামসুদ্দীন আহমেদ।

২০০৮-০৯ শিক্ষাবর্ষে সাতটি বিভাগে ভর্তির ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বরের শর্ত জুড়ে দেয়া হয়। বিভাগগুলো হচ্ছে বাংলা, ইংরেজি, গণযোগাযোগ ও সাংবাদিকতা, অর্থনীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, ভাষাতত্ত্ব এবং উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ।